

মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ সীমিত পরিসরে অফিস খোলা রাখার বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

অদ্য ২৬-০৪-২০২০ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় মবক'র সভাকক্ষে মহামারী করোনা ভাইরাসকালে সরকারি সাধারণ ছুটি ঘোষণার পর বন্দরের কার্যক্রম চালু রাখার জন্য সীমিত পরিসরে অফিস খোলা রাখার বিষয়ে রিয়ার এডমিরাল এম শাহজাহান, বিএন এর সভাপতিত্বে সকল সদস্য, বিভাগীয়/কোষ প্রধান ও সিবিএ এর প্রতিনিধি সমন্বয়ে সভা অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে সভাপতি পবিত্র রমজানের প্রাক্কালে মহান আল্লাহর রহমত, মাগফিরাত ও নাজাত কামনা করে সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, মহামারী করোনা ভাইরাসের কারণে সরকার কর্তৃক সাধারণ ছুটি ঘোষণা করা হলেও ১৮টি মন্ত্রণালয় ও তার অধীন সংস্থাসমূহ সীমিত আকারে খোলা রাখার নির্দেশনা পাওয়া গিয়েছে। এ প্রেক্ষিতে মোংলা বন্দরের কর্ম-পরিকল্পনা সম্পর্কে পরিচালক (প্রশাসন) কে সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

সকল বিভাগীয়/কোষ প্রধান সভায় মোংলা বসবাসরত স্বল্প সংখ্যক লোকবল দিয়ে তার বিভাগের কাজ পরিচালনার লক্ষে প্রণীত পরিকল্পনা উপস্থাপন করেন। সকল বিভাগের কাজ এবং লোকবল সম্পর্কে বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ-

- ১। সরকার নির্ধারিত অফিস সময়ে যে সকল লোকবল দ্বারা (সোপোর্ট স্টাফের ২৫%) বিভাগীয় প্রধানগণ কাজ পরিচালনা করবেন তাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। এ লক্ষে পরিচালক (প্রশাসন) বরাবর প্রতিদিন হাজিরা প্রতিবেদন প্রেরণ করতে হবে।
- ২। সকল বিভাগীয় প্রধান নিয়মিত অফিসে আসবেন।
- ৩। খুলনা থেকে যে সকল কর্মকর্তা অফিসে আগমন করবেন তাঁদের জন্য একটি মাইক্রোবাস এবং মোংলার কর্মকর্তা ও কর্মচারীদের জন্য অফিসে যাতায়াতের জন্য যানবাহনের ব্যবস্থা করতে হবে।
- ৪। পরিচালক (ট্রাফিক) বন্দর ব্যবহারকারী ও কাস্টম কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রেখে ২৪ ঘন্টা নির্বিঘ্ন বন্দরের কার্যক্রম পরিচালনা এবং বন্দরের সেবা নিশ্চিত করবেন।
- ৫। পুরাতন মোংলা আবাসিক এলাকায় পানির সংকট দূরীকরণের বিষয়ে প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) জরুরী ব্যবস্থা নিয়ে পানি সরবরাহ নিশ্চিত করবেন।
- ৬। মবক এর স্টেট আপ চবক এর আদলে প্রণয়ন করতে হবে। এ বিষয়ে সদস্য (হাঃওমেঃ) এর নির্দেশনা মতে সকলে ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৭। মবক'র যে সকল প্রকল্পের অনুমোদন লাভ করেছে পরিকল্পনা প্রধান সেগুলোর আরডিপি ওয়েবসাইট থেকে সংগ্রহ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। অনুমোদিত প্রকল্পগুলোর অর্থ ছাড়করণের জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।
- ৮। এখন থেকে মবক'র সিসিটিভি এর স্থাপন, পরিচালন, মেরামত ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব প্রধান নিরাপত্তা কর্মকর্তাকে ন্যস্ত করা হলো। যাঃওতঃ বিভাগ ইতোমধ্যে এই সংক্রান্তে যে সকল কার্য সম্পাদন করেছেন তা প্রধান নিরাপত্তা কর্মকর্তাকে বুঝিয়ে দিবেন।
- ৯। সকল প্রকার নথি যথাযথ পদ্ধতি অনুসরণ করে নিষ্পত্তি করতে হবে। নথি পিয়ন বুক/রেজিস্টারে এন্ট্রি করে পরবর্তী কর্মকর্তার নিকট উপস্থাপন করতে হবে। কোন নথি হাতে হাতে প্রেরণ করা যাবে না। কেবল জরুরী ক্ষেত্রে সংশ্লিষ্ট সদস্য নিজে চেয়ারম্যান এর নিকট উপস্থাপন করতে পারবেন। কোন অবস্থাতেই কোন ঠিকাদার বা অন্য কোন ব্যক্তিকে ফাইল দেয়া যাবে না। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সভায় আর কোন আলোচ্য না থাকায় দেশের এই ক্রান্তিকালে সকলকে স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা পালনের অনুরোধ জানিয়ে সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/ ০১-০৫-২০২০
রিয়ার এডমিরাল এম শাহজাহান, বিএন
চেয়ারম্যান

নং- ১৮.১৪.০১৫৮.১২৪.৬২.০৮২.১৮-

মে ২০২০ খ্রিঃ।

বিতরণ : বিভাগ/কোষ প্রধান:

..... মবক, মোংলা।

অনুলিপি:

- ১। সদস্য (), মবক, মোংলা।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।

২৬/০৪/২০২০
মোঃ গিয়াস উদ্দিন (উপসচিব)
পরিচালক (প্রশাসন)